**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
# Bengali Text Bulletin

**Date 19-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধপ্রদেশের শ্রী সত্য সাঁই বাবার জন্ম শতবার্ষিকী অনুষ্ঠানে যোগ দিয়ে তাঁর সম্মানে স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করেছেন।

শিশু কন্যাদের আর্থিক ক্ষমতায়নের লক্ষ্যে সুকন্যা সমৃদ্ধি যোজনারও সূচনা করেন তিনি। গোদান কর্মসূচীর আওতায় তিনি চারজন কৃষককে গোদান করেন। এরপর প্রধানমন্ত্রী কোয়েম্বাটুরে যাবেন।

২) বিহারে নীতিশ কুমার সর্বসম্মতভাবে জেডিইউ পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন।

অন্যদিকে, বিজেপি পরিষদীয় দলের বৈঠকে নেতা নির্বাচিত করা হয়েছে সম্রাট চৌধুরীকে।

৩) এসআইএর-এর অগ্রগতি খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গ সফররত নির্বাচন কমিশনারের প্রতিনিধি দল আজ কৃষ্ণনগরে বৈঠকে মিলিত হয়েছেন।

৪) অন্ধ্রপ্রদেশে রামপাচোদাভরমে আজ নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ৬/৭ জন মাওবাদী মারা পড়েছে।

৫) প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মজয়ন্তীতে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করা হচ্ছে তাঁকে।

৬) সঙ্গীত শিল্পী সুরকার সলির চৌধুরীর জন্ম শতবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হচ্ছে।

৭) গোয়ার পানাজিতে আগামীকাল শুরু হচ্ছে ৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধপ্রদেশের শ্রী সত্য সাঁই জেলায় আধ্যাত্মিক নেতা শ্রী সত্য সাঁই বাবার জন্ম শতবার্ষিকী অনুষ্ঠানে যোগ দিয়েছেন। পুত্তাপারথিতে সাঁইবাবার মহা সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে তিনি শ্রদ্ধা জানান। সাঁই বাবার জীবন, শিক্ষা ও চিরন্তন ঐতিহ্যের সম্মানে স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনে এই মুদ্রা ও ডাক টিকিট প্রকাশ করতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে করছেন।

বাইট

শিশু কন্যাদের আর্থিক ক্ষমতায়নের লক্ষ্যে সুকন্যা সমৃদ্ধি যোজনারও সূচনা করেন শ্রী মোদী। তিনি বলেন, এই যোজনা শিশু কন্যাদের ভবিষ্যত্ বিকাশের লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বাইট

এর আগে প্রধানমন্ত্রী, প্রশান্তি নিলয়মে শ্রী সত্য সাঁই বাবার কৃষকদের জন্য গোদান কর্মসূচীর আওতায় তিনি চারজন কৃষককে গোদান করেন।

এরপর, শ্রী মোদী যাবেন তামিলনাড়ুর কোয়েম্বাটুরে। সেখানে তিনি দক্ষিণ ভারত প্রাকৃতিক কৃষি সম্মেলনের উদ্বোধন করবেন। সেখান থেকে প্রধানমন্ত্রী আজ ৯ কোটি কৃষকের পিএম-কিষাণ প্রকল্পের ২১তম কিস্তির ১৮ হাজার কোটি টাকা সুভিধাভোগীদের প্রদান করবেন। এই সম্মেলনের উদ্দেশ্য হল জৈব কৃষক নামে পরিচিত প্রয়াত নাম্মালভারের প্রচারিত প্রাকৃতিক কৃষিকাজ পদ্ধতি বিশ্ববাসীর কাছে তুলে ধরা। পাঁচ হাজার কৃষক এই সম্মেলনে যোগদান করতে পারে বলে আশা করা হচ্ছে। প্রধানমন্ত্রী প্রাকৃতিক উপায়ে কৃষিকাজ করে এমন কৃষকদের সঙ্গে মতবিনিময় পাশাপাশি দশজন আদর্শ কৃষককে সম্মানিত করবেন। তিন দিনের এই কৃষি সম্মেলন ২১ নভেম্বর শেষ হবে।

-------------------

বিহারে নীতিশ কুমার সর্বসম্মতভাবে জেডিইউ পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন।

অন্যদিকে, বিজেপি পরিষদীয় দলের বৈঠকে নেতা নির্বাচিত করা হয়েছে সম্রাট চৌধুরীকে। পাটনায় দলের সদর দপ্তরে এই বৈঠকে নব নির্বাচিত বিজেপি বিধায়করা বিজয় কুমার সিনহাকে পরিষদীয় দলের সহকারি নেতা হিসাবে নির্বাচিত করেন। তিনজন কেন্দ্রীয় পর্যবেক্ষকের উপস্থিতিতে এই বৈঠক হয়।

জাতীয় গণতান্ত্রিক জোট এনডিএ-ও তাদের পরিষদীয় দলের নেতা নির্বাচন করবে। পূর্বতন মুখ্যমন্ত্রী নীতিশ কুমারই এনডিএ পরিযদীয় দলের নেতা নির্বাচিত হবেন বলে আশা করা হচ্ছে। পরিষদীয় দলের নেতা নির্বাচিত হওয়ার পর নীতিশ কুমার রাজভবনে গিয়ে রাজ্যপাল আরিফ মহম্মদ খানের কাছে তাঁ পদত্যাগ পত্র পেশ করবেন।

বর্তমান বিধানসভা ২৪৩ জন সদস্যের কার্যকালের মেয়াদও আজই শেষ হচ্ছে। পূর্বতন মন্ত্রিসভাও আজ থেকেই ভেঙে দেওয়ার সুপারিশ করা হয়েছে।

এদিকে, পাটনার ঐতিহাসিক গান্ধী ময়দানে আগামীকাল শপথগ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি জোরকদমে চলছে। মুখ্যমন্ত্রী নীতীশ কুমার গতকাল রাজ্যের মুখ্য সচিব এবং অন্য আধিকারিকদের সঙ্গে নিয়ে অনুষ্ঠানের প্রস্তুতি খতিয়ে দেখতে গান্ধী ময়দানে যান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং এনডিএ শাসিত বেশ কয়েকটি রাজ্যের মুখ্যমন্ত্রীদের শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন। বিজেপির রাজ্য সভাপতি দিলীপ জয়স্বয়াল বলেছেন আগামিকাল সপথগ্রহন অনুষ্ঠানে তিন লক্ষ মানুষের জমায়েত হতে পারে।

------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি এস আই আর এর অগ্রগতি খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গ সফররত নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল আজ নদীয়ার কৃষ্ণনগরে কালেক্টরেট মিটিং হলে বৈঠক করছেন।

এই দলের নেতৃত্বে আছেন ভারতের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী। সঙ্গে আছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল প্রমুখ। জেলার নিবিড় ভোটার তালিকা সংশোধনের কাজ নিয়ে নদিয়ার জেলাশাসক অনীশ দাশগুপ্ত, জেলার নির্বাচন নিবন্ধন আধিকারিক, সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিক সহ উচ্চ পদস্থ কর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

বিকেলে মুর্শিদাবাদের বহরমপুরে জেলা নির্বাচনী আধিকারিক এবং অন্য অধিকর্তাদের সঙ্গে বৈঠকের কর্মসূচি রয়েছে প্রতিনিধি দলের।

গতকাল সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের প্রতিনিধি দলের সদস্যরা মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল কলকাতার উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক এবং ERO দের সঙ্গে নিয়ে বৈঠক করেন। সেখানে স্পষ্টভাবে জানানো হয়, মৃত ও স্থানান্তরিতবা ভুয়ো ভতারেরনাম কোনও অবস্থাতেই ভোটার তালিকায় থাকা চলবে না।

------------------

অন্ধ্রপ্রদেশের রাম্পাচদাভরম এলাকায় আজ সকালে নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ৬ থেকে ৭ জন মাওবাদী মারা পড়েছে। বিজয়ওয়ারার গোয়েন্দা বিভাগের অতিরিক্ত মহানির্দেশক মহেশ চন্দ্র লাড্ডা জানিয়েছেন, মাওবাদীদের একটি দল ছত্তিশগড় ও তেলেঙ্গানা থেকে অন্ধ্রপ্রদেশে ঢোকার চেষ্টা করছিল। সেই সময় নিরাপত্তা বাহিনী তাদের গতিবিধির ওপর নজরদারি চালিয়ে অভিযান শুরু করে। জঙ্গল এলাকায় দুপক্ষের মধ্যে ঐ সংঘর্ষে মারা পড়ে এই ৬/৭ জন মাওবাদী। এদের মধ্যে কয়েকজন পদস্থ নেতা আছেন বলেও মনে করা হচ্ছে। তবে বিস্তারিত খবর এখনও পাওয়া যায়নি। ঐ এলাকায় থাকা বাকি মাওবাদীদের আত্মসমর্পন করার আহ্বান জানিয়েছেন শ্রী লাড্ডা।

উল্লেখ্য, এর আগে ১৭ ও ১৮ ই নভেম্বর আল্লুরি সীতারামারাজু জেলাতেও নিরাপত্তা বাহিনীর সঙ্গে মাওবাদীদের সংঘর্ষ বাধে। এতে কেন্দ্রীয় কমিটির সদস্য মাদভি হিদমা ও আরও পাঁচ মাওবাদী মারা পড়ে। সাম্প্রতিক এই অভিযানে এনটিআর, কৃষ্ণা, এলুরু, কাকিনাড়া ও কোনাসিমা জেলায় ৫০ জন গ্রেপ্তার হয়েছে। ধৃতদের মধ্যে আছে স্পেশাল জোনাল কমটিরি তিন সদস্য, ডিভিশনাল কমিটির পাঁচজন এবং আঞ্চলিক কমিটির ১৯ জন সদস্য। এই মাওবাদীদের কাছ থেকে প্রচুর পরিমাণে অস্ত্রশস্ত্র ও বিপুল

পরিমাণ বিস্ফোরক উদ্ধার করা হয়েছে। মারেদুমিলিতে মঙ্গলবারের সংঘর্ষের ঘটনায় বেশ কয়েকজন জঙ্গলে পালিয়ে যেতে সক্ষম হয়। তাদের সন্ধানে জোরদার তল্লাশি চালানো হচ্ছে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

------------------

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

-------------------

প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মজয়ন্তীতে আজ সশ্রদ্ধ চিত্তে তাঁকে স্মরণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইন্দিরা গান্ধীর জন্মজয়ন্তীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। সংবিধান সদনের সেন্ট্রাল হলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ও সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু, প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা জানান। সংবিধান সদনে ইন্দিরাজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান রাজ্যসভায় বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে, লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধী প্রমুখ।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, দলের নেতা রাহুল গান্ধী, দলের প্রবীণ নেতা সনিয়া গান্ধী আজ ইন্দিরা গান্ধীর সমাধি শক্তি স্থল পরিদর্শন করে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। ছিলেন দলের অন্য নেতৃবৃন্দও।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ রানি লক্ষ্মীবাই-এর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে।

সামাজিক মাধ্যমে এক পোস্টে, প্রধানমন্ত্রী বলেন, লক্ষ্মীবাইয়ের বীরত্ব ও সাহস আজও দেশবাসীকে অনুপ্রাণিত করে। মাতৃভূমির মর্যাদা রক্ষায় তাঁর ত্যাগ ও সংগ্রাম চিরস্মরণীয় হয়ে থাকবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, রানী লক্ষ্মীবাঈ মাতৃভূমির সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছিলেন।

-------------------

কিংবদন্তী গীতিকার, সুরকার, সঙ্গীত পরিচালক ও নাট্যকার সলিল চৌধুরীর আজ জন্মশতবর্ষ। নানা অনুষ্ঠানে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

CAPSULE-ABHIJEET

------------------

গোয়ার পানাজিতে আগামিকাল ৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, IFFI ২০২৫ এর সূচনা হবে। ২৮ তারিখ পর্যন্ত চলবে ভারতীয় সিনেমার ঐতিহ্য উদযাপনের এই উৎসব। ৮০ টিরও বেশি দেশের অতিথি এবং চলচ্চিত্র নির্মাতারা একত্রিত হবেন। ভারতসহ সমগ্র বিশ্বের ২৭০ টিরও বেশি চলচ্চিত্র প্রদর্শিত হবে এইবছর ।

------------------

অস্ট্রেলিয়া ওপেন সুপার ফাইভ হান্ড্রেড ব্যাডমিন্টন প্রতিযোগিতায় ভারতের এইচ এস প্রণয়, আয়ুশ শেঠি ও তরুণ মান্নেপাল্লি পুরুষদের সিঙ্গলসের উদ্বোধনী রাউন্ডে জয়ী হয়েছেন। ২০২৩ এর রানার আপ প্রণয় প্রথম রাউন্ডের ম্যাচে হারিয়ে দেন বিশ্বের ৮৫ নম্বর ইয়োহানিস সাউথ মার্সেলিনোকে।

------------------ ------------------